



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ  
[www.bb.org.bd](http://www.bb.org.bd)

ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-০২

তারিখঃ ১০ চৈত্র ১৪৩১  
২৪ মার্চ ২০২৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

০৩ এপ্রিল ২০২৫ তারিখ পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে তফসিলি ব্যাংক বন্ধ রাখা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

জনপ্রশাসন মন্ত্রণালয় এর ২৩ মার্চ ২০২৫ তারিখের প্রজ্ঞাপন নম্বর-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৬.২৩-২৩১ এর মাধ্যমে ০৩ এপ্রিল ২০২৫ তারিখ বৃহস্পতিবার পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে নির্বাহী আদেশে সরকারি ছুটি ঘোষণা করায় তফসিলি ব্যাংকসমূহের সকল শাখা/উপশাখা বন্ধ থাকবে।

০২। আসন্ন ঈদ-উল-ফিতর এর পূর্বে তৈরি পোশাক শিল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানি বিল বিক্রয়ের এবং উক্ত শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত পোশাক শিল্পের লেনদেনে সংশ্লিষ্ট এলাকার বাণিজ্যিক ব্যাংকের শাখাসমূহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করে ২৮ ও ২৯ মার্চ ২০২৫ তারিখ সরকারি ছুটির দিন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সীমিত সংখ্যক লোকবলের মাধ্যমে সীমিত পরিসরে ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হবে:

তারিখ	অফিস সময়সূচি	লেনদেনের সময়সূচি
২৮ মার্চ ২০২৫ শুক্রবার	সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ৩:০০ ঘটিকা পর্যন্ত (দুপুর ১:০০ ঘটিকা হতে ২:০০ ঘটিকা পর্যন্ত জুমাতুল বিদার বিরতি)	সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত
২৯ মার্চ ২০২৫ শনিবার	সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ২:০০ ঘটিকা পর্যন্ত (দুপুর ১:১৫ ঘটিকা হতে ১:৩০ ঘটিকা পর্যন্ত যোহরের নামাজের বিরতি)	সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত।

০৩। ছুটির দিনে দায়িত্ব পালনকারী কর্মকর্তা/কর্মচারীগণ বিধি মোতাবেক ভাতাদি প্রাপ্য হবেন।

০৪। সমুদ্র/স্থল/বিমান বন্দর এলাকায় (পোর্ট ও কাস্টমস এলাকা) অবস্থিত ব্যাংকের শাখা/উপশাখা/বুখসমূহ সপ্তাহে ৭ দিন ২৪ ঘন্টা চালু রাখার বিষয়ে ০৫ আগস্ট ২০১৯ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-২৪ মোতাবেক ২৮ মার্চ ২০২৫ হতে ০৫ এপ্রিল ২০২৫ তারিখ পর্যন্ত (ঈদের দিন ব্যতীত) সরকারি ও সাপ্তাহিক ছুটির দিনে আমদানি-রপ্তানি সংক্রান্ত কার্যক্রম সীমিত আকারে চলমান রাখার স্বার্থে স্থানীয় প্রশাসনসহ বন্দর/কাস্টমস কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে সংশ্লিষ্ট ব্যাংকসমূহ যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে পারে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১-এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ বায়েজীদ সরকার)  
পরিচালক (ডিওএস)  
ফোন : ৯৫৩০০৯৩